# চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মপরিকল্পনা

## জনপ্রশাসন মন্ত্রণালয়

**১) প্রেক্ষাপট:**

জনপ্রশাসন মন্ত্রণালয় সরকারি খাতের মানবসম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি-নির্ধারণী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে। চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে প্রযুক্তির অগ্রযাত্রার সঙ্গে তাল মিলিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় একটি দক্ষ ও আধুনিক মানবসম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনে আন্তরিক। এ মন্ত্রণালয় চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুক্তিসমূহের সাথে কর্মকর্তাদের পরিচিত করা ও পরিবর্তনশীল প্রযুক্তির ব্যবহারে কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একাধিক কর্মশালা আয়োজন করেছে। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ এবং কর্মশালা আয়োজনের ধারাবাহিকতায় মাঠ প্রশাসনের কর্মকর্তাদেরও চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করা ও প্রযুক্তির সাথে পরিচিত করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় আগ্রহী।

মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সকল মন্ত্রণালয়/বিভাগ চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আইন/ নীতিমালা/কর্মপরিকল্পনা প্রণয়নকে আবশ্যকীয় কার্যক্রম হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে উক্ত কার্যক্রমের লক্ষমাত্রা অর্জন ও একই সাথে চতুর্থ শিল্পবিপ্লবের অগ্রযাত্রায় সংযুক্ত হওয়ার উদ্দেশ্যকে সামনে রেখে জনপ্রশাসন মন্ত্রণালয় এই কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে।

**২) উদ্দেশ্য:**

- চতুর্থ শিল্পবিপ্লবকে সুপরিকল্পিত ও নিয়মানুগভাবে গ্রহণ করার উদ্দেশ্যে পর্যাপ্ত প্রস্তুতি গ্রহণ;
- চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জসমূহ মোকাবিলার লক্ষ্যে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন;
- মানব সম্পদ ব্যবস্থাপনা ও সুশাসনের ক্ষেত্রে চতুর্থ শিল্পবিপ্লবের সুফল যথাযথভাবে ব্যবহার করা;

**৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সক্ষমতা ও দুর্বলতা বিশ্লেষণ:**

চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিদ্যমান প্রেক্ষাপটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সক্ষমতা এবং প্রতিবন্ধকতা বা চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা হয়েছে। বিদ্যমান সক্ষমতা এবং চ্যালেঞ্জসমূহ বিবেচনায় নিয়ে প্রয়োজনীয়, বাস্তবসম্মত এবং বাস্তবায়নযোগ্য কর্মকান্ড কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(ক) সক্ষমতা:**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রধানতম সক্ষমতা হচ্ছে এর ইতিবাচক নেতৃত্ব। বিদ্যমান নেতৃত্বের ইতিবাচক মনোভাব চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক হবে। চতুর্থ শিল্পবিপ্লবের আলোকে প্রয়োজনীয়

প্রস্তুতি গ্রহণ, কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন, সফটওয়্যার ও আইসিটি অবকাঠামোর উন্নয়ন এবং বিভিন্ন কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের নির্দেশনা রয়েছে। সরকারের এ সকল নির্দেশনা এবং বিদ্যমান নীতিমালা ও কর্মসূচিসমূহ এ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক হবে। এ মন্ত্রণালয় কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে বেশ কয়েকটি কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন করেছে যা, চতুর্থ শিল্পবিপ্লব ও এর চ্যালেঞ্জসমূহ সম্পর্কে কর্মকর্তাদের ধারণা প্রদান করেছে। কর্মকর্তাদের এরূপ ধারণাপ্রাপ্তি কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে ইতিবাচক হবে মর্মে আশা করা যায়। নাগরিক ও অংশীজনের উচ্চ প্রত্যাশা জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে গতিশীল করা এবং ব্যবস্থাপনা পদ্ধতির আধুনিকায়নে উৎসাহ যোগাবে যা চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কযুক্ত প্রযুক্তি ও পদ্ধতি ব্যবহারের জন্য সহায়ক হবে।

চতুর্থ শিল্পবিপ্লবের প্রেক্ষাপটে আরও একটি ইতিবাচক বিষয় হচ্ছে স্থানীয়ভাবে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান ও উদ্যোক্তার সহজলভ্যতা। সাম্প্রতিক সময়ে এ ক্ষেত্রে বাংলাদেশ অভাবনীয় উন্নতি অর্জন করেছে। দেশীয় উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের সহায়তায় স্বল্প ব্যয়ে ও স্বল্প সময়ে চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সফটওয়্যার প্রণয়ন করা যেতে পারে। এ মন্ত্রণালয় Government Employee Management System (GEMS) শীর্ষক একটি কর্মসূচি বাস্তবায়ন করছে যা, চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কিত প্রযুক্তি ও সফটওয়্যার প্রণয়ন ও ব্যবহারের ক্ষেত্রে ইতিবাচকভাবে সহায়তা করতে পারে।

**(খ) প্রতিবন্ধকতা/ চ্যালেঞ্জ:**

চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কিত অধিকাংশ প্রযুক্তি ও যন্ত্রপাতি অন্য দেশে উৎপাদিত হয় বলে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সম্পদের সীমাবদ্ধতা একটি প্রতিবন্ধকতা হতে পারে। এ ছাড়া প্রতিনিয়ত পরিবর্তনশীল নিত্যনতুন প্রযুক্তি বিষয়ে কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের যথাযথ জ্ঞানের অভাবও একটি সীমাবদ্ধতা হতে পারে। মানবসম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত পুরাতন আইন, বিধি-বিধান ও ব্যবস্থাপনা কাঠামো আধুনিক প্রযুক্তি ও পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। একই সঙ্গে নতুন প্রযুক্তি ব্যবহারে কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতার সীমাবদ্ধতা, সকল স্থানে উচ্চগতির ইন্টারনেট সংযোগের অভাব চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রতিবন্ধক হতে পারে।

**৪) কৌশলসমূহ (strategies):**

চতুর্থ শিল্পবিপ্লবকে বিবেচনায় রেখে উচ্চাভিলাষী পরিকল্পনা প্রণয়নের পরিবর্তে সহজলভ্য সুযোগসমূহ চিহ্নিত করে সেগুলি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া নতুন কোন প্রকল্প গ্রহণের পরিবর্তে বিদ্যমান সম্পদ দিয়ে বাস্তবায়ন করা যায় এরূপ কর্মকান্ড কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই সঙ্গে আইনগত, রাজনৈতিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত কম সংবেদনশীল উদ্যোগসমূহ কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

চতুর্থ শিল্পবিপ্লবের অনেকগুলো ক্ষেত্র থাকলেও এ কর্মপরিকল্পনায় মূলতঃ কর্মকর্তাদের সচেতনতা ও দক্ষতা উন্নয়নের কার্যক্রমকে প্রাধান্য প্রদান করা হয়েছে। পর্যাপ্ত দক্ষতা ও সচেতনতা থাকলে কর্মকর্তাগণ নিজেরাই তাঁদের প্রয়োজন মোতাবেক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারবেন মর্মে আশা করা যায়। দক্ষতা উন্নয়নের পাশাপাশি চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কযুক্ত এবং সহজে বাস্তবায়ন করা যায় এরূপ কিছু প্রযুক্তি (সফটওয়ার, যন্ত্রপাতি প্রভৃতি) ব্যবহার করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ ছাড়া, চতুর্থ শিল্পবিপ্লবের সুফল পাওয়ার ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জ ও প্রতিকূলতাসমূহ দুর করা এবং চতুর্থ শিল্পবিপ্লব সংক্রান্ত উদ্যোগসমূহকে সমর্থন করে এরূপ কার্যক্রমও কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**৫) সময়সীমা:**

কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে স্বল্প, মধ্যমে এবং দীর্ঘমেয়াদি সময়সীমা নির্ধারণ করা হয়েছে। স্বল্প মেয়াদি বলতে এক বছরের মধ্যে, মধ্যম মেয়াদি কার্যক্রমসমূহ দুই বছরের মধ্যে এবং দীর্ঘমেয়াদি কার্যক্রমসমূহ তিন থেকে চার বছরের মধ্যে বাস্তবায়িত হবে মর্মে নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া কিছু কার্যক্রম একাধিক মেয়াদে বাস্তবায়িত হবে এবং কিছু কার্যক্রম স্বল্প মেয়াদে শুরু হলেও তা মধ্যম ও দীর্ঘ মেয়াদে চলমান থাকবে মর্মে কর্মপরিকল্পনায় উল্লেখ করা হয়েছে।

**৬) জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা:**

| ক্রমিক | ক্ষেত্র | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | মেয়াদ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| **কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন** | | | | | |
| ১ | জনপ্রশাসনের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | জনপ্রশাসনের কর্মকর্তাদের জন্য কর্মশালা আয়োজন | ২টি | স্বল্পমেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| ২ | | অধীনস্ত দপ্তর/ সংস্থাসমূহের কর্মকর্তাদের জন্য কর্মশালা আয়োজন | ২টি | স্বল্পমেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| ৩ | | আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন (MOPA, BPATC, BCSAA, Print & Publication, Transport Pool, BKKB etc.) | ২টি | মধ্যম ও দীর্ঘ মেয়াদি | পিএসিসি |
| ৪ | | সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রতিটি মৌলিক কোর্সে চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ে সেশন অন্তর্ভুক্তি | ন্যূনতম ১টি | চলমান | সিপিটি অনুবিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ে কর্মশালা আয়োজন | ১টি | মধ্যম মেয়াদি | BPATC, BCSAA, BIAM, NAPD |
| **কর্মকর্তা/ কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি** | | | | | |
| ৬ | মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি | জুম সভা/ উপস্থাপনা আয়োজন | ৪টি | স্বল্প ও মধ্যম মেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| ৭ | প্রকাশনা | চতুর্থ শিল্পবিপ্লবের ধারণা ও গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিয়ে বাংলায় একটি লিফলেট/ব্রশিওর প্রকাশ | ১টি | স্বল্পমেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| **প্রযুক্তির আধুনিকায়ন ও নতুন প্রযুক্তির প্রবর্তন** | | | | | |
| ৮ | কৃত্রিম বুদ্ধিমত্তা সংবলিত প্রযুক্তির প্রবর্তন | সফটওয়ার প্রস্তুত | ১টি | দীর্ঘ মেয়াদি | পিএসিসি |
| ৯ | দপ্তর ব্যবস্থাপনার আধুনিকায়ন | সেন্সর নির্ভর ইলেক্ট্রিক বাতি ব্যবহার | ১টি | দীর্ঘ মেয়াদি | প্রশাসন অনুবিভাগ |
| ১০ | অফিস ডিজিটাইজেশন | প্রাতিষ্ঠানিক সেবার ডিজিটাইজেশন | ১টি | মধ্যম মেয়াদি | সংগঠন ও ব্যবস্থাপনা |
| ১১ | | ই-বুক প্রকাশ | ১টি | মধ্যম ও দীর্ঘ মেয়াদি | বিধি অনুবিভাগ |
| ১২ | ক্লাউড কম্পিউটিং | ক্লাউডে তথ্য সংরক্ষন | ১টি | মধ্যম মেয়াদি চলমান | পিএসিসি |
| **উদ্ভাবন ও উত্তম চর্চার সম্প্রসারণ** | | | | | |
| ১৩ | উদ্ভাবন ও উত্তম চর্চার সম্প্রসারণ | প্রতি বছর উদ্ভাবন ধারণার পাইলটিং | ন্যূনতম ১টি | চলমান | ইনোভেশন টিম |
| **নীতি প্রণয়ন/সংস্কার** | | | | | |
| ১৪ | আওতাধীন দপ্তরসমূহের জন্য নীতিগত নির্দেশনা | আওতাধীন দপ্তর/ সংস্থা / মাঠ প্রশাসনে চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ক সচেতনতা ও প্রযুক্তি | ১টি | স্বল্প মেয়াদি | সিপিটি অনুবিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সম্প্রসারণের জন্য নির্দেশনা জারি | | | |
| ১৫ | কর্মকৃতি মূল্যায়ন ও ব্যবস্থাপনা পদ্ধতির সংস্কার | এপিএআর নীতিমালা/ নির্দেশিকা প্রণয়ন | ১টি | স্বল্প মেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| **বাস্তবায়ন ও পরিবীক্ষণ** | | | | | |
| ১৬ | কর্মপরিকল্পনা অনুমোদন | সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ | একবার | স্বল্প মেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| ১৭ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আদেশ জারি | একবার | স্বল্প মেয়াদি | সিপিটি অনুবিভাগ |
| ১৮ | | কর্মপরিকল্পনা বাস্তবায়নে আর্থিক সংস্থান | প্রয়োজন অনুসারে | স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি | প্রশাসন অনুবিভাগ |
| ১৯ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ | পরিবীক্ষণ সভা আয়োজন | প্রতি বছর ৩টি | স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি | সংশ্লিষ্ট পরিবীক্ষণ কমিটি |

৭। **কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**

প্রণীত কর্মপরিকল্পনাটি জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনাসহ এটি সংশ্লিষ্টদের নিকট বিতরণ করা হবে। কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে অর্থের প্রয়োজন হলে প্রাথমিকভাবে ইনোভেশন তহবিলের অর্থ হতে বরাদ্দ প্রদান করা হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের সহায়তায় মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হতেও প্রয়োজনীয় অর্থের সংস্থান করা যেতে পারে।

কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন পরিবীক্ষণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের নিয়মিত সভায় বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। কোন কার্যক্রম বাস্তবায়ন ইনোভেশন টিমের আওতা বহির্ভুত হলে প্রয়োজনে মন্ত্রণালয়ের সমন্বয় সভায় আলোচনাক্রমে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে। এ মন্ত্রণালয়ের সিপিটি অনুবিভাগের সিপি-৩ শাখা কর্মপরিকল্পনা বাস্তবায়ন সমন্বয়ের দায়িত্ব পালন করবে।

মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার